

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।  
www.bnfc.gov.bd

**বিষয়: 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা' ২০২২-২০২৩ অর্থবছরের বাস্তবায়ন সংক্রান্ত  
পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মু. নুরুজ্জামান শরীফ এনডিসি  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সম্মেলন কক্ষ।  
তারিখ : ২৯-০৯-২০২২ খ্রিঃ।  
সময় : সকাল ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি: সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা' উপস্থাপন করেন। তিনি জানান যে, ১.২ এ 'ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন' বিষয়ে নির্দেশনা রয়েছে।

২। 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা' ২০২২-২০২৩ এর ১.৩ ও ১.৪ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ৪টি সভার আয়োজন করার বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। মন্ত্রীপরিষদ বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার এর সাথে মিল রেখে কমিটির সদস্যগণকে দ্রুততম সময়ের মধ্যে ব্যুরো'র সিটিজেনস চার্টার হালনাগাদ করে ত্রৈমাসিক ভিত্তিতে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা হয়।

৩। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার' ২.১ ও ২.২ নং কার্যক্রমের অংশে ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণ এর নিয়ে আলোচনা করা হয়। এছাড়া সভাপতি আরো বলেন, উশিবু'র মাঠ পর্যায়ে চলমান কর্মসূচির সাথে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে সভা করে সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা শৃঙ্খলা আনয়ন করে সেবাগ্রহীতাদের সচেতনতা বাড়াতে হবে। উপস্থিত সদস্যগণ দ্রুততম সময়ের মধ্যে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে একমত পোষণ করেন।

**সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

- ১। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে;
- ২। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন/দপ্তর সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ৪টি সভার আয়োজন করতে হবে;

- ৩। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার অনুযায়ী ব্যুরো'র সিটিজেনস চার্টার হালনাগাদকরণ এর নিমিত্তে ১টি সভা করতে হবে;
- ৪। ২০২২-২০২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২টি কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ শাখায় ইউ ও নোট প্রেরণ করতে হবে;
- ৫। স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২টি অবহিতকরণ সভা ডিসেম্বর ২০২২ ও জুন ২০২৩ এর মধ্যে আয়োজন করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মু. নুরুজ্জামান শরীফ এনডিসি)  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোন: ০২-৮৮৩৫১৫৫

স্মারকসংখ্যা: ৩৮.০০.০০০০.৩০১.১৬.৬৫৫.১৯-৬-২০

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯  
সেপ্টেম্বর ২০২২  
০৪ অক্টোবর

**কার্যার্থে:**

- ১। সিস্টেম এনালিস্ট, উশিবু, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। উপ-পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন/প্রশাসন ও অর্থ), উশিবু, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (সকল), উশিবু, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, জেউশিবু (সকল), জেলা.....
- ৫। লাইব্রেরিয়ান/স্টোর কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, উশিবু, ঢাকা।
- ৬। প্রশাসনিক কর্মকর্তা, উশিবু, ঢাকা।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিবু, ঢাকা---(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।

০৫/১০/২০২২  
জব্বিদা

(মোঃ রিপন কবির স্বাক্ষর)  
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোন: ০২-২২২২৯২৭৩৯